



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



জমাকৃত অভিযোগ ও নিষ্পত্তি ব্যবস্থা

স্মারক নং-ঢাশিবো/বি/এপিএ/অভি:/১৮৯;

তারিখ-২৮/০২/২০২২

বিগত ০১/০২/২০২২ হতে ২৮/০২/২০২২ পর্যন্ত ০১ টি অভিযোগ পাওয়া যায় এবং উক্ত অভিযোগটি নিষ্পত্তি করা হয়।

অভিযোগ

প্রতিষ্ঠানের নাম: মানিক নগর মডেল হাই স্কুল, সবুজবাগ, ঢাকা।

অভিযোগকারীর নাম: জনাব মাহবুবুর রহমান, অভিভাবক, মানিক নগর মডেল হাই স্কুল, সবুজবাগ, ঢাকা।


প্রাপ্ত অভিযোগ: গত ১৬ইং ডিসেম্বর ২০২১ ইং রোজ বৃহস্পতিবার মানিকনগর মডেল হাই স্কুলে বিজয় দিবস উদযাপন অনুষ্ঠানের সময় মানিকনগর মডেল হাই স্কুলের ম্যানেজিং কমিটি গঠন করা হয়েছে জানিতে পারিয়া হতবাক হলাম যে, মানিকনগর মডেল হাই স্কুলের ছাত্র/ছাত্রীদের অভিভাবক ও এলাকার গণ্য-মান্য ব্যক্তিদের না জানিয়ে এবং ম্যানেজিং কমিটি গঠনের সকল নিয়মনীতি ও প্রক্রিয়াকে উপেক্ষা করে কিভাবে নির্বাচন না করে কমিটি গঠন করা হলো, তার কোন সদোত্তর প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও নবগঠিত অবৈধ পকেট কমিটির সভাপতি সহ সংশ্লিষ্ট ব্যক্তিদের কাছ থেকে পাওয়া যায়নি।

যে সকল প্রকিয়া অনুসরণ করে কমিটি করার কথা, তাহার কোনটাই নিয়মতান্ত্রিক ও বৈধভাবে করা হয়নি, যেমনঃ ১। হালনাগাদ কোন ভোটার তালিকা প্রনয়ন করা হয়নি, ২। নির্বাচনের মাধ্যমে মানিকনগর মডেল হাই স্কুল এর ম্যানেজিং কমিটি গঠন করা হবে, মর্মে বহুল প্রচারিত কোন জাতীয় দৈনিক পত্রিকায় নিজ্ঞাপন দেওয়া হয়নি, ৩। অভিভাবকদের নির্বাচনে অংশগ্রহণের জন্য স্কুলের নোটিশ বোর্ডে কোন নোটিশ বা অভিভাবকদের মোবাইলে নির্বাচন সম্পর্কে কোন এসএমএস পাঠানো হয়নি, ৪। অভিভাবকদের নির্বাচনে প্রতিদ্বন্দিতা করার জন্য কোন মনোনয়ন পত্র বিক্রি করা হয়নি, ৫। মানিকনগর মডেল হাই স্কুলে কোন সময় ও তারিখে নির্বাচন অনুষ্ঠিত হবে মর্মে স্কুলে বা এলাকায় কোন প্রকার প্রচার-প্রচারনা ও মাইকিং

করা হয়নি অর্থাৎ মানিকনগর মডেল হাই স্কুলের ম্যানেজিং কমিটির নির্বাচন সম্পর্কে এলাকাবাসী ও অভিভাবকবৃন্দ কেহই অবহিত নয়। ৬। মানিকনগর মডেল হাই স্কুলের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক ও অবৈধ ভাবে গঠিত বর্তমান ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের নামে প্রহসন মূলক অপতৎপরতা চালিয়ে লোকচক্ষুর অন্ড্রালে হীন উদ্দেশ্যে তাদের অনুগত ও আর্শীবাদ পুষ্ট ব্যক্তিদের নিয়ে অতি গোপনের এই অবৈধ পকেট কমিটি গঠন করে।

এমতাবস্থায় অত্র স্কুলের অভিভাবকবৃন্দ সহ এলাকার গণ্য-মান্য সচেতন ব্যক্তির অনিয়মতান্ত্রিক ভাবে গঠিত এই অবৈধ পকেট কমিটি বাতিল করা সহ এই কমিটি গঠন প্রক্রিয়ার সাথে অতি উৎসাহী ও প্রত্যক্ষভাবে জড়িত বর্তমান ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে নিয়মতান্ত্রিক ভাবে স্বচ্ছ প্রক্রিয়ার মাধ্যমে অভিভাবক প্রতিনিধি নির্বাচনের ব্যবস্থা গ্রহণের জোর দাবি জানাচ্ছি।

গৃহীত ব্যবস্থা: অভিযোগসমূহ সরেজমিনে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য বোর্ডের সহকারী বিদ্যালয় পরিদর্শক জনাব মোহাম্মদ ছামিউল আলম-এর নামে বোর্ডের ০৩/০২/২০২২ তারিখের ঢাশিবো/ঢাকা:নথি:৭২ ঢাকা(৭২) নং স্মারকের পত্রের মাধ্যমে অফিস আদেশ প্রদান করা হয়েছে।



প্রফেসর মোহাম্মদ আবুল মনজুর ডুর্রানী
ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিদ্যালয় পরিদর্শক
অভিযোগ প্রতিকার ব্যবস্থা প্রণয়ন কমিটি
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।



২৮/০২/২০২২